অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

মহিলা ট্রুপারদের সংখ্যা বৃদ্ধির জন্য স্টেট পুলিশ অঙ্গীকার করেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

2030 সালের মধ্যে মহিলা সদস্য নিয়োগের পরিমাণ 30 শতাংশতে উন্নীত করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট পুলিশের "30X30" অঙ্গীকারে স্বাক্ষর প্রদান

এই প্রচেষ্টা বৈচিত্র্য বৃদ্ধির জন্য চালু করা NYSP-এর নিয়োগ নিয়ে পুনরায় ভাবনা কর্মসূচিকে জোরদার করবে

NYSP ট্রুপার নিয়োগের পরীক্ষার জন্য নিবন্ধনের সুযোগ 10ই এপ্রিল পর্যন্ত উন্মুক্ত থাকবে

মহিলাদের ইতিহাসের মাস চলাকালীন সময়ে, গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেটের পুলিশ বাহিনীতে মহিলাদের প্রতিনিধিত্ব বৃদ্ধি করা এবং আইন প্রয়োগকারী সংস্থায় মহিলাদের অভিজ্ঞতা উন্নত করার জন্য "30x30 অঙ্গীকার" স্বাক্ষর করার মধ্য দিয়ে নিউ ইয়র্ক স্টেট পুলিশ দেশব্যাপী অন্যান্য পুলিশ বিভাগের সাথে যোগ দিয়েছে। এই অঙ্গীকারের মূল প্রতিশ্রুতি হলো 2030 সালের মধ্যে মহিলাদের নিয়োগের পরিমাণ 30 শতাংশতে উন্নীত করা এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলো যেসব আইনি অধিক্ষেত্রে ও কমিউনিটিতে সেবা প্রদান করছে সেগুলোর সত্যিকার প্রতিনিধিত্ব করে তা নিশ্চিত করা। এই অঙ্গীকার স্টেট পুলিশের সদস্যদের মধ্যে বৈচিত্র্য নিয়ে আসার প্রচেষ্টার একটি অংশ।

"পুলিশের কাজ হলো জনসাধারণের কাছে সেবা পৌঁছে দেওয়া, এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলো আরো বেশি কার্যকর হয় যখন তাদের মধ্যে শক্তিশালী বন্ধন থাকে এবং তারা যেসব কমিউনিটিকে সেবা প্রদান করছে সেগুলোর মধ্যকার বৈচিত্র্য তাদের মধ্যে ফুটে উঠে," **বলেছেন গভর্নর হোকল।** "100 বছরেরও বেশি সময় আগে দুইজন মহিলার নিবেদিত প্রচেষ্টার ফলস্বরূপ স্টেট পুলিশ প্রতিষ্ঠা লাভ করেছিল। আমরা এই ঐতিহ্যকে সামনে এগিয়ে নিয়ে যাবো এবং আমাদের বাহিনীর মধ্যে বৈচিত্র্য নিয়ে আসা অব্যাহত রাখবো, এবং অন্যদের জীবনে গভীর ও ইতিবাচক প্রভাব রাখতে আগ্রহীদেরকে এই আইন প্রয়োগকারী কমিউনিটিতে যোগদান করার মাধ্যমে এই সুযোগ গ্রহণ করতে আমি উৎসাহিত করছি।"

স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "নিউ ইয়র্ক স্টেট ট্রুপার হওয়ার জন্য সম্ভাব্য সবচেয়ে মেধাবী ও বৈচিত্র্যময় প্রার্থীদের আকৃষ্ট করতে পারার ক্ষেত্রে আমাদের সক্ষমতার উপর আমাদের সংস্থার ভবিষ্যত সাফল্য নির্ভর করবে। 30x30 উদ্যোগের প্রতি অঙ্গীকার ব্যক্তকারী অন্যান্য কয়েক ডজন আইন প্রয়োগকারী সংস্থার পাশাপাশি অবস্থান গ্রহণ করতে পেরে আমরা গর্বিত।"

এই অঙ্গীকার 30×30 উদ্যোগের নেতৃত্বে পরিচালিত একটি প্রচেষ্টা, এই উদ্যোগ হলো পুলিশ নেতৃবৃন্দ, গবেষক, ও পেশাজীবী সংস্থাগুলোর মধ্যকার একটি জোট যারা যুক্তরাষ্ট্রের সকল পুলিশ বাহিনীতে মহিলাদের প্রতিনিধিত্ব ও অভিজ্ঞতা এগিয়ে নেওয়ার জন্য একত্রিত হয়েছেন। এই 30×30 উদ্যোগ NYU স্কুল অব ল (NYU School of Law)-এর পুলিশিং প্রকল্প এবং ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন ল এনফোর্সমেন্ট এক্সিকিউটিভস (National Association of Women Law Enforcement Executives, NAWLEE) এর সাথে সংশ্লিষ্ট।

NYPD সহ দেশ ব্যাপী 150টিরও বেশি পুলিশ বিভাগ 30x30 অঙ্গীকার স্বাক্ষর করেছে।

30×30 অঙ্গীকার স্বাক্ষরকারী এজেন্সিগুলো নিম্নলিখিত বিষয়ে সম্মত হয়েছে:

- আইন প্রয়োগকারী সংস্থার সকল পর্যায়ে মহিলাদের প্রতিনিধিত্ব বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ করা।
- নীতিমালা ও কর্মপদ্ধতিগুলো সকল পক্ষপাত থেকে মুক্ত থাকার বিষয়টি নিশ্চিত করা।
- মহিলা কর্মকর্তাদের সমতাপূর্ণ নিয়োগ দান, চাকরিতে ধরে রাখা ও পদোন্নতি প্রদানের প্রসার ঘটানো; এবং
- আইন প্রয়োগকারী সংস্থার সকল পর্যায়ে ও ভূমিকায় তাদের সংস্কৃতি যাতে মহিলাদের জন্য অন্তর্ভুক্তিমূলক, শ্রদ্ধাপূর্ণ, ও সহায়ক হয় তা নিশ্চিত করা।

দেশব্যাপী, শপথ গ্রহণকারী সদস্যদের প্রায় 12 শতাংশ মহিলা, এবং স্টেট পুলিশে মহিলাদের সংখ্যা 11.6 শতাংশ।

উল্লেখ্য যে, ডিভিশন অব স্টেট পুলিশ (Division of State Police) দুইজন মহিলা, ময়কা নিওয়েল ও ক্যাথেরিন মায়ো এর প্রচেষ্টার মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছিল। 1913 সালে ওয়েস্টচেস্টার কাউন্টিতে একটি ডাকাতির ঘটনায় একজন কনস্ট্রাকশন ফোরম্যান খুন হন। সে সময়ে কোনো স্থানীয় পুলিশ বিভাগ না থাকায় সেই ব্যক্তির খুনী পালিয়ে যেতে সক্ষম হয়। তার নিয়োগকর্তা, নিওয়েল, ও তার বান্ধবী মায়ো, নিউ ইয়র্কের সকল গ্রামীণ অঞ্চলে সুরক্ষা প্রদান করবে এমন একটি স্টেট পুলিশ বিভাগ গঠনের জন্য একটি আন্দোলন শুরু করেন। তাদের প্রচেষ্টার ফলস্বরূপ, 11 এপ্রিল, 1917 তারিখে, NYS-এর আইনপ্রণেতারা ডিভিশন অব স্টেট পুলিশ প্রতিষ্ঠার জন্য একটি নতুন আইন পাশ করেন। 1974 সালে NYS পুলিশ একাডেমি (NYS Police Academy) থেকে প্রথম চারজন মহিলা ট্রুপার পাশ করে বের হন।

ডিভিশনের ভর্তি পরীক্ষার জন্য বর্তমান নিয়োগ ক্যাম্পেইনের অংশ হিসেবে স্টেট পুলিশ 30x30 অঙ্গীকারে স্বাক্ষর করেছে, এই ভর্তি পরীক্ষা নিউ ইয়র্ক স্টেট ট্রুপার হওয়ার পথে প্রথম

পদক্ষেপ। একটি অধিকতর বৈচিত্র্যপূর্ণ জনগোষ্ঠীর নিয়োগ প্রদানের প্রচেষ্টার অংশ হিসেবে, স্টেট পুলিশ এই প্রথমবারের মতো পরীক্ষাটি কম্পিউটারাইজড ফরম্যাটে গ্রহণ করতে যাচ্ছে, যা এটিকে আরো বেশি অ্যাক্সেসযোগ্য করে তুলেছে। নিউ ইয়র্ক স্টেটের 54টি পরীক্ষা কেন্দ্রে, যুক্তরাষ্ট্রের 250টিরও বেশি অবস্থানে, এবং বিশ্বব্যাপী সামরিক বাহিনীর 112টি অবস্থানে এই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে। প্রার্থীরা কোথায় ও কখন পরীক্ষা দিবেন তা তারা বেছে নিতে পারবেন।

এছাড়াও আরো বেশি সংখ্যক মহিলা ও সংখ্যালঘু প্রার্থীর কাছে পৌঁছার জন্য স্টেট পুলিশ তাদের নিয়োগ প্রদান কর্মসূচির নকশা পরিবর্তন করেছে এবং আরো বেশি ফলপ্রসূ, দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তোলার ভিত্তি স্থাপন করতে স্টেট ব্যাপী কমিউনিটি নেতৃবৃন্দের সাথে সাক্ষাত করেছে।

NYS ট্রুপার ভর্তি পরীক্ষার জন্য নিবন্ধনের শেষ তারিখ 10 এপ্রিল, 2022। স্টেট পুলিশের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে আরো তথ্য পাওয়া যাবে: https://joinstatepolice.ny.gov/

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন